

নোবিপ্রবিতে স্নাতক (সম্মান) 'এ' ইউনিটের গুচ্ছ ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির 'এ' ইউনিটের সমন্বিত ভর্তি পরীক্ষা আজ শনিবার (৩০ জুলাই ২০২২) সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নোবিপ্রবি ক্যাম্পাসে বেলা ১২টা থেকে দুপুর ১টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। নোবিপ্রবিতে 'এ' ইউনিটের ৪১৭১ পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ৩৯৩১ জন শিক্ষার্থী, উপস্থিতির হার ৯৪.২৫ শতাংশ।

পরীক্ষা শুরু হলে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বিভিন্ন হল পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ ফারুক উদ্দিন, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও পরীক্ষা পরিচালনা ও আসন বিন্যাস উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও আইআইএসের পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, রেজিস্ট্রার (অ.দা) ও সচিব ভর্তি কমিটি মোহাম্মদ জসীম উদ্দিনসহ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ ও পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যবৃন্দ।

এসময় মাননীয় উপাচার্য বলেন, 'অত্যন্ত সুন্দর ও সুষ্ঠুভাবে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আজ 'এ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আজকের পরীক্ষায় উপস্থিতির হার অনেক বেশি, যা খুবই আনন্দের বিষয়। এ পরীক্ষা আয়োজনে জেলা প্রশাসন ও রাজনৈতিক নেতৃবৃন্দ সহ সবার সহযোগিতা রয়েছে, যার ফলশ্রুতিতে অত্যন্ত সুন্দর একটি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষা আয়োজনে যারা সার্বিক সহযোগিতা করছেন, বিএনসিসি, রোভার স্কাউট, নোবিপ্রবি শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, স্থানীয় প্রশাসন, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দসহ সবাইকে অন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি, জয় বাংলা জয় বঙ্গবন্ধু।'

উল্লেখ্য, নোবিপ্রবির ভর্তি পরীক্ষা উপলক্ষ্যে গঠিত ১৪টি উপ-কমিটি ও শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি নোয়াখালী জেলা প্রশাসন, সর্বস্তরের রাজনৈতিক নেতৃবৃন্দ, নোয়াখালী পৌরসভা, স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃবৃন্দ, স্থানীয় পুলিশ ও গোয়েন্দা সংস্থা, সাংবাদিকবৃন্দ ভর্তি পরীক্ষায় সহায়তা করছেন। এজন্য নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম সবার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রসঙ্গত, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ (GST) গুচ্ছভুক্ত ২২টি সাধারণ ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির 'এ' ইউনিটের সমন্বিত ভর্তি পরীক্ষা আজ ৩০ জুলাই ২০২২ অনুষ্ঠিত হয়েছে। 'বি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৩ আগস্ট এবং 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২০ আগস্ট ২০২২।



রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়